অনলাইন নতুন ধারার দৈনিক
আমাদেরসময়

জানুয়ারি ১৯, ২০০৯, সোমবার : মাঘ ৬, ১৪১৫

# রাজউকের উত্তরা ও পূর্বাচল পট বরাদ্দ এ বছর হচ্ছে না

সুজিৎ নন্দী: রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) উত্তরা ও পূর্বাচল পটের জন্য আবেদনপত্র জমা নেয়া হলেও এ বছর বরাদ্দ দেয়া হচ্ছে না। আবেদনপত্র জমা দেয়ার মেয়াদ দু'দফা বাড়িয়ে ৩০ এপ্রিল করা হয়েছে। লক্ষাধিক আবেদনপত্র সঠিকভাবে যাচাই-বাছাই ও মূল্যায়ন করতে কমপক্ষে ৬ থেকে ৮ মাস প্রয়োজন। সংশিষ্ট সূত্রগুলো বলেছে, এ বছর বরাদ্দ দেয়ার সম্ভাবনা নেই বললেই চলে। আবেদনপত্রের দ্রুত ডাটাবেজ তৈরির দক্ষতা বা সক্ষমতা রাজউকের আইটি বিভাগের নেই। সময় বেশি লাগলেও সরকার বিগত দিনে যে অনিয়ম হয়েছে তা থেকে শিক্ষা নিয়ে যথাযথ যাচাই-বাছাইয়ের পরই বরাদ্দ দেবে।

সূত্র জানায়, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের সময় যে বরাদ্দ নীতিমালা হয়েছে তা সংশোধন করা হবে। পাশাপাশি আবেদনপত্রে ত্রুটি, ডলারের মাধ্যমে জমার অর্থ প্রেরণ ও হলফনামা প্রদানের বিষয়টি নিয়ে নানা সমস্যা, যে ১৪ কোটায় বরাদ্দ দেয়া হবে সেখানেও সংশোধনী আনা হবে। সূত্র আরো জানায়, সরকারের সিদ্ধান্- ছাড়া পট বরাদ্দ দেয়া হবে না। এ ব্যাপারে রাজউক চেয়ারম্যান সফিকুর রহমান বলেন, সবকিছু মিলিয়ে এটা অবশ্যই সময় সাপেক্ষ ব্যাপার। তবে সরকারি সিদ্ধান্-র প্রেক্ষিতেই বরাদ্দ দেয়া হবে।

জানা যায়, গত ২৪ ডিসেম্বর রাজউকের বোর্ড সভায় পূর্বাচল ও উত্তরার জমির মূল্য নির্ধারণের বিষয়টি অনুমোদন হয়। ইতোমধ্যে জমির মূল্য, পটের সংখ্যা, বিভিন্ন পেশার কোটা এবং পট হস্-ান্-রের সময়সীমাসহ বিস্-ারিত তথ্য পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দেয়ার কথা থাকলেও আপাতত তা স্থগিত করা হয়েছে। সূত্র আরো জানায়, দু'প্রকল্পেই আবেদনপত্র জমা দেয়ার সময়সীমা আরেক দফা বাড়ানো হতে পারে। সম্পাদনা: জুলফিকার রাসেল

This page has been printed from the web site of Amadershomoy (www.amadershomoy.com).
**URL:** http://www.amadershomoy.com/online/content/2009/01/19/news0503.htm

**Amadershomoy**